যমুনা ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড

তারাকান্দি, সরিষাবাড়ী, জামালপুর।

আউটসোর্সিং পদ্ধতিতে ০৮ (আট) জন জনবল নিয়োজিত করণের বিজ্ঞপ্তি

তারিখঃ ০৯.১১.২০২৬ খ্রিঃ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ বিসিআইসি পরিচালিত যমুনা ফার্টিলাইজার কোং লিঃ এর চিকিৎসা কেন্দ্রে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে আউটসোর্সিং নীতিমালার আলোকে ০৮ জন সেবাকর্মী নিয়োজিত করা হবে।

ক্রম নং	পদের নাম	নিয়োজিত করণের সংখ্যা	মাসিক সর্বোচ্চ সম্মানী (নো ওর্য়াক নো পে বেসিস চুক্তি ভিত্তিক মাসিক সর্ব সাকুল্যে)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২		৩	৪
০১	ফার্মাসিস্ট (বিশেষ সেবা-২)	৩ জন	২৫,৭৬৯/- (পঁচিশ হাজার সাতশত উনসত্তর) টাকা।	১. সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি (ডিপ্লোমা ইন ফার্মাসিস্ট)। ২.ফার্মেসী কাউন্সিল অব বাংলাদেশ এর বৈধ নিবন্ধন থাকতে হবে। ৩. MS Office Programme সহ কম্পিউটার চালনায় দক্ষতা থাকলে অগ্রাধিকার।
০২	ল্যাব টেকনোলজিস্ট (বিশেষ সেবা-২)	১জন	২৫,৭৬৯/- (পঁচিশ হাজার সাতশত উনসত্তর) টাকা।	১.সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি (ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি/ ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরী টেকনোলজি)। ২.স্টেট মেডিকেল ফ্যাকাল্টি অব বাংলাদেশ এর বৈধ নিবন্ধন থাকতে হবে। ৩. MS Office Programme সহ কম্পিউটার চালনায় দক্ষতা থাকলে অগ্রাধিকার।
০৩	নার্স (বিশেষ সেবা-২)	২ জন	২৫,৭৬৯/- (পঁচিশ হাজার সাতশত উনসত্তর) টাকা।	১.কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে নার্সিং বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি (ডিপ্লোমা ইন নার্সিং সাইন্স এন্ড মিড ওয়াইফারী)। ২.ইন্টার্নশিপ সম্পন্ন থাকতে হবে। ৩.বাংলাদেশ নার্সিং এন্ড মিড ওয়াইফারী কাউন্সিল এর বৈধ নিবন্ধন থাকতে হবে।
০৪	ওয়ার্ড মাষ্টার (ক্যাটাগরি-১)	১ জন	১৮,৫১৪/- (আঠারো হাজার পাঁচশত চৌদ্দ) টাকা।	১.স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান থেকে স্নাতক ডিগ্রী সম্পন্ন হতে হবে। ২.হাসপাতাল/মেডিকেল সেন্টারে ওয়ার্ড ব্যবস্থাপনা/হাসপাতাল প্রশাসনের কাজে ৩ বছরের অভিজ্ঞতা। ৩.MS Word, Excel, Basic Hospital Record Management এ দক্ষতা থাকলে অগ্রাধিকার
০৫	মেডিকেল এটেন্ডেন্ট (ক্যাটাগরি-৫)	১ জন	১৬,৬৭৩/- (ষোলো হাজার ছয়শত তিহাত্তর) টাকা।	১.এসএসসি পাস। ২.সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/প্রকল্প/হাসপাতাল/মেডিকেল সেন্টারে সমপদে/সংশ্লিষ্ট কাজে এক বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৩.রোগী স্থানান্তর,হুইল চেয়ার, স্ট্রেচার পরিচালনা ও অন্যান্য সহায়ক কাজে শারীরিক ভাবে সক্ষম হতে হবে।

০১. বর্ণিত যোগ্যতাসম্পন্ন আবেদনকারীকে ০১.১২.২০২৬ তারিখের মধ্যে সহস্তে লিখিত জীবন বৃত্তান্তসহ আবেদনপত্র ''ব্যবস্থাপনা পরিচালক, যমুনা ফার্টিলাইজার কোং লিঃ, তারাকান্দি, সরিষাবাড়ী, জামালপুর''বরাবর সরাসরি/ ডাকযোগে পৌঁছাতে হবে।

০২. ০১.১২.২০২৬ খ্রিঃ তারিখে আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর হতে হবে।

০৩. আউটসোর্সিং নীতিমালায় উক্ত নিয়োজিতকরণের বিষয়ে জেএফসিএল কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

০৪. মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি পেশ করতে হবে।

০৫. আউটসোর্সিং পদ্ধতিতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ বিধায় নিয়োগপ্রাপ্ত/চুক্তিবদ্ধ ব্যক্তির চাকুরী স্থায়ী করণের কোন সুযোগ নেই।

০৬. পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে মোবাইলে ও ই-মেইলে জানানো হবে।

০৭. আবেদনপত্রের সহিত সরকারী বা স্বায়ত্বশাসিত সংস্থার প্রথম শ্রেণীর কর্মকর্তা কতৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সনদ, জাতীয় পরিচয় পত্র ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কতৃক প্রদত্ত নাগরিকত্বের সনদের কপি দাখিল করতে হবে।

০৮. চূড়ান্ত ভাবে নির্বাচিত প্রার্থীর আবাসনের ব্যবস্থা নেই। বিধায় নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে।

09.11.2026

(ডাঃ মোঃ আব্দুল হাকিম)
অতিরিক্ত প্রধান চিকিৎসা কর্মকর্তা